

## " A " ইউনিট

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৯-২০২০

ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-৭০০৩, বাংলাদেশ

ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির নিমিত্তে গত ০৪/১১/১৯ তারিখ অনুষ্ঠিত "A" ইউনিটের ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর সমন্বয়ে মেধা ও অপেক্ষমান তালিকা এতদসঙ্গে প্রকাশ করা হল। পূর্ণাঙ্গ ফলাফল অনুযায়ী নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে পাওয়া যাবে।

### ভর্তি বিজ্ঞপ্তি এবং ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশাবলী

#### ১। মেধা তালিকার জন্য:

মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ফলাফল প্রকাশের দিন ১৩/১১/১৯ তারিখ হতে ২২/১১/২০১৯ তারিখের মধ্যে <http://admission.iu.ac.bd> ওয়েবসাইটে বিভাগ পছন্দ (Subject Choice) ফরমটি পূরণ করতে হবে। কোন প্রার্থী যথা সময়ে বিভাগ পছন্দ ফরম পূরণ না করলে উক্ত প্রার্থী ভর্তির অযোগ্য হিসাবে গণ্য হবে। আগামী ২৪/১১/২০১৯ তারিখের মধ্যে এসএমএস এর মাধ্যমে নির্ধারিত বিভাগ এবং সংযুক্ত আবাসিক হলের নাম জানিয়ে দেওয়া হবে। এই এসএমএস পাওয়ার পর <http://admission.iu.ac.bd> ওয়েবসাইটে Admission Form পূরণ করতে হবে। পূরণকৃত Admission Form টি প্রিন্ট করে যথাস্থানে স্বাক্ষর করতে হবে এবং আগামী ২৬/১১/২০১৯ অথবা ২৭/১১/২০১৯ তারিখ সাক্ষাৎকার সভায় উপস্থাপন করতে হবে। সাক্ষাৎকার সভা চূড়ান্ত ভর্তির অনুমতি পত্র প্রদান করবে এবং প্রদত্ত নির্দেশনা অনুযায়ী ০১/১২/২০১৯ তারিখের মধ্যে প্রয়োজনীয় ভর্তি ফি প্রদান করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। উক্ত সময়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে না পারলে পরবর্তিতে ভর্তি হওয়ার আর কোন সুযোগ থাকবে না।

২। কোন বিভাগে আসন খালি থাকলে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকারী ছাত্র-ছাত্রীদেরকে বিভাগ পরিবর্তন ফরম ০৩/১২/২০১৯ তারিখের মধ্যে পূরণ করে সংশ্লিষ্ট ইউনিট অফিসে জমা দিতে হবে। বিভাগ পরিবর্তন ফলাফল ০৪/১২/২০১৯ তারিখের মধ্যে এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। এই এসএমএস পাওয়ার পর <http://admission.iu.ac.bd> ওয়েবসাইটে Admission Form পূরণ করতে হবে। পূরণকৃত Admission Form টি প্রিন্ট করে যথাস্থানে স্বাক্ষর করতে হবে এবং প্রদত্ত নির্দেশনা অনুযায়ী ০৮/১২/২০১৯ তারিখের মধ্যে প্রয়োজনীয় ভর্তি ফি প্রদান করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

৩। অপেক্ষমান তালিকা: আসন খালি থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকার প্রার্থীগণকে ১১/১২/২০১৯ তারিখের মধ্যে <http://admission.iu.ac.bd> ওয়েবসাইটে বিভাগ পছন্দ (Subject Choice) ফরমটি পূরণ করতে হবে। কোন প্রার্থী যথা সময়ে বিভাগ পছন্দ ফরম পূরণ না করলে উক্ত প্রার্থী ভর্তির অযোগ্য হিসাবে গণ্য হবে। আগামী ১৫/১২/২০১৯ তারিখের মধ্যে এসএমএস এর মাধ্যমে নির্ধারিত বিভাগ এবং সংযুক্ত আবাসিক হলের নাম জানিয়ে দেওয়া হবে। এই এসএমএস পাওয়ার পর <http://admission.iu.ac.bd> ওয়েবসাইটে Admission Form পূরণ করতে হবে। পূরণকৃত Admission Form টি প্রিন্ট করে যথাস্থানে স্বাক্ষর করতে হবে এবং আগামী ১৭/১২/২০১৯ তারিখ সাক্ষাৎকার সভায় উপস্থাপন করতে হবে। সাক্ষাৎকার সভা চূড়ান্ত ভর্তির অনুমতি পত্র প্রদান করবে এবং প্রদত্ত নির্দেশনা অনুযায়ী ১৮/১২/২০১৯ তারিখের মধ্যে প্রয়োজনীয় ভর্তি ফি প্রদান করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। উক্ত সময়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে না পারলে পরবর্তিতে ভর্তি হওয়ার আর কোন সুযোগ থাকবে না।

৪। পূরণায় আসন খালি থাকলে ইউনিট কর্তৃক নির্ধারিত সময়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকারী ছাত্র-ছাত্রীদের বিভাগ পরিবর্তনের সুযোগ প্রদান করা হবে, তারপর অপেক্ষমান তালিকার পরবর্তী প্রার্থীদের বিভাগ পছন্দ (Subject Choice) ফরমটি পূরণপূর্বক Admission Form পূরণ করতে হবে। সাক্ষাৎকার সভা চূড়ান্ত ভর্তির অনুমতি পত্র প্রদান করবে এবং প্রদত্ত নির্দেশনা অনুযায়ী ২৩/১২/২০১৯ তারিখের মধ্যে প্রয়োজনীয় ভর্তি ফি প্রদান করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

৫। ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই সাক্ষাৎকার সভায় উপস্থাপন করতে হবে:

(ক) ভর্তি পরীক্ষা কেন্দ্রে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র

(খ) মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল প্রবেশপত্র রেজিস্ট্রেশন কার্ড, নম্বর পত্র এবং সার্টিফিকেট অথবা সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসা পত্র।

(গ) সদ্য তোলা ৮ (আট) কপি পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি।

৬। আগামী ১১/০১/২০২০ তারিখ হতে ক্লাশ শুরু হবে।

বি.দ্র.: উপরোক্ত বিজ্ঞপ্তি পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষেত্রে ইউনিট কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত

সমন্বয়কারী, A ইউনিট, ভর্তি পরীক্ষা কমিটি ২০১৯-২০২০

ইসলামী বিশ্ববিদ্যালয়।